



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৮৫-৫১



জরুরি প্রেস বিজ্ঞপ্তি

১৮ মার্চ থেকে ০২ এপ্রিল পর্যন্ত জাবি বন্ধ ঘোষণা ॥

১৯ মার্চ সকাল এগারোটার মধ্যে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ ॥

২২ মার্চ হতে ০২ এপ্রিল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ বন্ধ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৬ মার্চ ২০২০।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের সভাপতিত্বে আজ অনুষ্ঠিত এক জরুরি সিভিকেট সভায় আগামী ১৮ মার্চ ২০২০ থেকে ০২ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা এবং জাবি স্কুল ও কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। ১৯ মার্চ ২০২০ তারিখ সকাল এগারোটার মধ্যে হল ত্যাগ করার জন্য সকল ছাত্র-ছাত্রীকে নির্দেশ দেয়া হয়েছে। এছাড়াও ২২ মার্চ ২০২০ তারিখ হতে ০২ এপ্রিল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ বন্ধ থাকবে।

সম্প্রতি বিশ্বব্যাপী করোনা ভাইরাসের আক্রমণ মহামারী আকার ধারণ এবং বাংলাদেশে এই ভাইরাসের সংক্রমণ শুরু হওয়ায় জরুরি সিভিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে বেলা আড়াইটায় অনুষ্ঠিত এ সভায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা, ক্যাম্পাসে বসবাসকারীদের নিকট অতিথি আগমন নিরুৎসাহিত করা, ক্যাম্পাসে দর্শনার্থীদের প্রবেশ এবং সকল ধরনের অনুষ্ঠান ও জয়োৎস্নাতে নিষিদ্ধ করা হয়। এছাড়াও ২০ মার্চ ২০২০ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা গেইট ব্যতীত অন্য সকল গেইট বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

Swad

মো. আবদুস সালাম মির্জা
পরিচালক (ভারপ্রাপ্ত)

